


জাতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা

স্বাস্থ্য প্রতিষ্ঠা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশে একটি জাতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছেন। এছাড়া তাকে আন্তর্জাতিক অর্ডিন্যান্স জানাচ্ছে। কারণ দেশে একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা একান্ত প্রয়োজন। তবে প্রধানমন্ত্রীর ঘোষণায় ওই মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩য় সরকারি মেডিকেল কলেজগুলোকে অন্তর্ভুক্ত করার কথা বলা হয়েছে।

দেশে বর্তমানে আড়ার গ্রাজুয়েট পর্যায়ে প্রায় ১৫টি বেসরকারি মেডিকেল কলেজ রয়েছে। বর্তমানে এই মেডিকেল কলেজগুলো বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত। বিশ্ববিদ্যালয় কর্তৃক বছরভিত্তিক অধিভুক্তি নবায়নের মাধ্যমে এই কলেজগুলো তাদের শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আর এই অধিভুক্তি নবায়নের জন্য প্রতি বছর সংশ্লিষ্ট কলেজগুলোকে দারুণ ব্যয়সাধ্য এবং ভোগান্তি পোহাতে হয়। তার কারণ, বিশ্ববিদ্যালয়গুলোর যে শাখা এই অধিভুক্তি নবায়নের ব্যাপারে উদার করে, সেটি চিকিৎসা পেশা সংশ্লিষ্ট নয়। ওয়ু ডাই নয়, আড়ার গ্রাজুয়েট পর্যায়ে অর্থাৎ এমবিবিএস কারিকুলামের সঙ্গে তাদের ডেমন কোন পরিচয়ও নেই। তারা জানেন, আমলাতান্ত্রিক জটিলতা, ফাইলের মারপ্যাচ আর দুর্নীতি ও অনিয়ম। এখানে বিশেষভাবে উল্লেখ্য, দেশের অনেক সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসক সংকট, শিক্ষক বহুতা, পরীক্ষণাগার এবং চিকিৎসা যন্ত্রপাতির অভাব রয়েছে। কিন্তু তবুও সেসব কলেজে শিক্ষা

কার্যক্রম চালু রয়েছে। পঞ্চাশের বেসরকারি মেডিকেল কলেজগুলোর চিকিৎসক সংকট, শিক্ষক বহুতা, পরীক্ষণাগার এবং চিকিৎসা যন্ত্রপাতির অভাব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মানতে নারাজ। সংশ্লিষ্ট সবাই জানেন, বর্তমানে দেশে অভিজ্ঞ চিকিৎসক ও শিক্ষক সংকট চলছে। তবে এ কথা অনিশ্চয়্য যে, দেশে এমনও বেসরকারি মেডিকেল কলেজ রয়েছে, যেগুলো অনেক সরকারি মেডিকেল কলেজের চেয়েও উন্নতমানের ও সুসজ্জিত। কিন্তু তবুও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বেসরকারি মেডিকেল কলেজগুলোর সঙ্গে কিমাতাসুলভ আচরণ করে থাকে। বিশ্ববিদ্যালয়গুলোর উচিত এক্ষণে আচরণ পরিহার করে বেসরকারি মেডিকেল কলেজগুলোর প্রতি আরও উদার এবং নমনীয় দৃষ্টিভঙ্গি প্রদর্শন করা।



বিশ্ববিদ্যালয়গুলো সাধারণ উচ্চশিক্ষা ব্যবস্থাপনা সঠিক ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করতে ব্যর্থ হওয়ায় সর্বোপরি সেশনজটের ভয়াবহ করাল গ্রাস থেকে দেশের শিক্ষা ব্যবস্থাকে রক্ষার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। অনুরূপভাবে দেশের মেডিকেল শিক্ষা ব্যবস্থাকে সঠিক ও সুশৃঙ্খলভাবে পরিচালনা এবং দেশের চিকিৎসা শিক্ষা কার্যক্রমকে যুগোপযোগী ও আধুনিকভাবে গড়ে তোলার লক্ষ্যে অনতিবিলম্বে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার জন্য আমরা হোর দাবি জানাচ্ছি।
মুহাম্মদ আমান-উদ-দৌলা, কারকুনবাড়ী লেন, ঢাকা